সংবাদ।

024

তারিখ ২।৮।৮১
পৃষ্ঠা ... কলাম ...

# বিশিষ্ট ইতিহাসবেত্তার জীবনাবসান

(বিশ্ববিদ্যালয় রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের প্রাক্তন চেয়ারম্যান বিশিষ্ট ইতিহাসবেত্তা অধ্যাপক ডঃ এম, এ রহিম গত বৃহস্পতিবার ভোরে হোলি ফ্যামিলি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না - - - রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৮ বছর। বাদ জোহর মোহাম্মদপুর জামে মসজিদে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হবার পর তাঁকে মোহাম্মদপুর গোরস্থানে দাফন করা হয়। জানা যায় বহুসংখ্যক বিশ্ববিদ্যালয় শিক্ষক, ছাত্র, কর্মচারী এবং মরহুমের আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী উপস্থিত ছিলেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, তিন পুত্র এবং এক কন্যা রেখে যান।

প্রফেসর রহিম কুমিল্লা জেলায় জন্মগ্রহণ করেন। ছাত্রজীবনে অত্যন্ত মেধাবী জনাব রহিম ১৯৫২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগ দেন। ১৯৫৫ সালে লণ্ডন বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট করার পর তিনি করাচী বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ১৯৭৩ সালে পুনরায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক হিসেবে কার্যভার গ্রহণ করেন।

ইতিহাস বিষয়ে সুপ্রসিদ্ধ গবেষক এবং লেখক হিসেবে সুবিদিত অধ্যাপক রহিমের উল্লেখযোগ্য গ্রন্থের মধ্যে রয়েছে সোশ্যাল এণ্ড কালচারাল হিস্ট্রি অব বেঙ্গল, হিস্ট্রি অব দি আফগান, সুলতানস অব ইণ্ডিয়া পূর্ব বাংলার মুসলমানদের ইতিহাস প্রভৃতি। তাঁর রচিত "ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস" প্রকাশের অপেক্ষায় আছে।